গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।
www.dharmapasha.sunamganj.gov.bd

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে ধর্মপাশা উপজেলার অনুর্ধ্ব ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ম্যানুয়াল আবেদন আহ্বান বিজ্ঞপ্তি নম্বর- ০২/১৪৩০-১৪৩২**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধর্মপাশা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্ন বর্ণিত ইজারাযোগ্য অনুর্ধ্ব ২০(বিশ) একর পর্যন্ত খাস বদ্ধ জলমহাল সমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি২০০৯ অনুযায়ী ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের ১৪/০৩/২০২৩খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ,-২)-২৭৪ নং স্মারকের নির্দেশমতে নিম্নোক্ত শর্তে **ম্যানুয়াল** আবেদন আহবান করা যাচ্ছে। এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

আবেদন ফরম ক্রয় দাখিল: জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নোক্ত তারিখ অনুযায়ী আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টকপি (যাবতীয় কাগজাদিসহ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জে দাখিল করা যাবে। এবং আবেদন আহ্বান বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dharmapasha.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

সময়সূচি:

| ম্যানুয়াল আবেদনপত্র দাখিলের তারিখ | দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমাদানের তারিখ |
|---|---|
| ০৬/০৪/২০২৩খ্রি. (২৩ চৈত্র ১৪২৯ বাংলা)<br>থেকে<br>১১/০৪/২০২৩ খ্রি. (২৮ চৈত্র ১৪২৯) পর্যন্ত। | ০৬/০৪/২০২৩খ্রি. (২৩ চৈত্র ১৪২৯ বাংলা)<br>থেকে<br>১১/০৪/২০২৩ খ্রি. (২৮ চৈত্র ১৪২৯) পর্যন্ত।<br>(অফিস চলাকালীন সময়ে) |

১৪৩০-১৪৩২ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য অনুর্ধ্ব ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধজলমহালের তালিকা :

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা ও জেএল নং | আয়তন (একর) | বিগত ৩(তিন) বছরের গড় ইজারা মূল্য | গড় ইজারামূল্যের উপর ৫% বর্ধিত হারে সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | বড়কামদিঘী | লংকাপাথারিয়া-৬৯ | ১০.৯৫ | ২১,৮৬৭/- | ২২,৯৬১/- | - |
| ০২ | হীরাজান, রাণী উদ্ধার ও উন্দানীর বিল | লংকাপাথারিয়া-৬৯<br>দুর্বাকান্দা-৬৮ | ১৫.১৩ | ৩৩,১৭৩/- | ৩৪,৮৩২/- | - |

**নিয়মাবলী:**

১. দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির কমিটির সভাপতি/সম্পাদককে উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা সুনামগঞ্জ বরাবর আবেদন দাখিল করতে হবে। উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তফসিলী ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ হতে ক্রয় করা যাবে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরুপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dharmapasha.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ এর ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যাতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**শর্তাবলী:**

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০২। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

CamScanner

০৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৪। উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৫। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

৬। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

৭। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ এর অনুকুলে জামানত হিসেবে আবেদনকারী তার আবেদননের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৮। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারনে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে কর্তৃপক্ষ উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য করাদি সিদ্ধান্ত গ্রহনের নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

১১। পরবর্তী ২য় ও ৩য় বছরের ইজারামূল্য ও অন্যান্য করাদি যথাক্রমে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য ও অন্যান্য করাদি পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ ও অন্যান্য করাদি আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের বন্দোবস্ত ১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য প্রযোজ্য হবে।

১৩। ইজারামূল্য পরিশোধের সংগে সংগে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠনকে স্ব-উদ্যোগে ইজারাচুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন অজর আপত্তি গ্রহণ করা হবে না কিংবা কোন কর্তৃপক্ষ বা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লীজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালে দখল প্রদান যাবে না।

১৪। যে সকল জলমহালের উপর বিজ্ঞ আদালতে/উর্ধ্বতন কর্তৃপক্ষের/স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না তবে উর্ধ্বতন কতৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতে সংশ্লিষ্ট জলমহালের মামলা মোকদ্দমা অথবা স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/ প্রত্যাহার হলে জলমহাল ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে কোন সমিতি ইচ্ছা করলে আবেদনপত্র ক্রয় করে আবেদনপত্র জমা দিতে পারবে এবং স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৫। বছরের যেকোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ১ বৈশাখ ১৪৩০ বাংলা সন হতে কার্যকর বলে গণ্য হবে।

১৬। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসংগত কারণে জলমহাল সমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না অথবা জলমহাল ভরাট হয়ে গিয়েছে, মাছের মড়ক ইত্যাদি কারনে ক্ষতিপূরণ চেয়ে জলমহাল ইজারার মেয়াদ বৃদ্ধি করার জন্য অন্য কোন কর্তৃপক্ষ কিংবা অন্য কোন আদালতে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না বা কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

১৭। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৮। আদালতে কোন মামলা/প্রাকৃতিক কারণে কোন ক্ষতিগ্রস্থতার অজুহাতে ইজারামূল্য সমন্বয় কিংবা ইজারা মেয়াদ বৃদ্ধির কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৯। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালে প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন

করা যাবেনা। এরূপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২০। লীজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন যাতে কেউ সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

CamScanner

২১। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লংঘিত হয়।

২২। অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/নিষেধ পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণ (প্রযোজ্য ক্ষেত্রে) পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে

২৩। ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারী নির্ধারিত ফরমে ৩০০/- টাকা মূল্যমানের ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারাকৃত সম্পাদনের সময় ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

২৪। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোনো আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৫। জলমহাল ইজারা গ্রহণ করার পর কোন সংগঠন/সমিতির জলমহাল ভরাট, আয়তনের হ্রাস বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উপস্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

২৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪/০৪/২৩
(শীতেষ চন্দ্র সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।
email:unodharmapasha@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০০৬.০১.০৫৬.২৩- ৪২৬ তারিখ ঃ ০৪ এপ্রিল ২০২৩ খ্রি.।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও উন্নয়ন), ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০৯। সহকারী কমিশনার (ভূমি), ধর্মপাশা, সুনামগঞ্জ।
১০। উপজেলা ........................................ কর্মকর্তা (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ।
১১। অফিসার-ইন-চার্জ, ধর্মপাশা, জেলা- সুনামগঞ্জ।
১২। সাব-রেজিস্ট্রার, বাদশাগঞ্জ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৩। সহকারী প্রোগ্রামার, ধর্মপাশা, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান..................... ইউপি, ধর্মপাশা, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ধর্মপাশা শাখা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৬। ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজারে ঢোল সারতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। জনাব/বেগম.................................... অনুমোদিত মৎস্যজীবী সংগঠনের প্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/কৃষি সংগঠনের প্রতিনিধি/নারী সংগঠনের প্রতিনিধি।
১৮। নোটিশ বোর্ড।
১৯। অফিস কপি।

০৪/০৪/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CamScanner